

Model Activity Task 2021 October

Model Activity Task Part -7| Class-5 | Science

মডেল অ্যাক্টিভিটি টাস্ক ২০২১ | অক্টোবর পঞ্চম শ্রেণী | পরিবেশ ও বিজ্ঞান | পার্ট -৭

১. ঠিক উত্তর নির্বাচন কর :

১.১ আজাদ হিন্দ ফৌজ গঠন করেছিলেন -

- ক) বাঘা যতীন খ) সূর্য সেন
গ) ভগৎ সিং ঘ) নেতাজি সুভাষচন্দ্র।

১.২ মাছ ধরার যে উপায়টিতে বঁড়শি লাগে তা হল -

- ক) জাল খ) পোলো
গ) হিপ ঘ) দুনি।

১৩ রেশমকীট পালনের জন্য যে গাছের চাষ করা হয় তা হল -

- ক) চা খ) তুত
গ) আনারস ঘ) পাট।

২। ঠিক বাক্যের পাশে ✓ আর ভুল বাক্যের পাশে 'x' চিহ্ন দাও :

২.১ সভ্যতার প্রথমে মানুষ মাটির বাসন ব্যবহার করত।

উত্তরঃ সত্য

২.২ বেগম রোকেয়া মেয়েদের পড়াশোনার জন্য অনেক চেষ্টা করেছিলেন।

উত্তরঃ সত্য

২.৩ ন্যাদেশ একটি সহজলভ্য নদীর মাছ।

উত্তরঃ মিথ্যা

৩. একটি বা দুটি বাক্যে উত্তর দাও :

৩.১ পশ্চিমবঙ্গের কোন কোন জায়গায় চা চাষ হয়?

উত্তরঃ দার্জিলিং ও জলপাইগুড়িতে

৩.২ হারভেস্টার মেশিনের সাহায্যে করা যায় এমন দুটো কাজ লেখ।

উত্তরঃ ধান কাটা ও ধান ঝাড়া

৩.৩ গাঙ্গেয় ব-দ্বীপ আর রাত অঙুলে চাষ হয় এমন দুটো ফসলের নাম লেখ।

উত্তরঃ ধান, গম, তৈলবীজ, ডাল ইত্যাদি

৪। দুটি বা তিনটি বাক্যে উত্তর দাও :

৪.১ বীরসা মুণ্ড, সিধু ও কানহর মত মানুষদের আমরা শ্রদ্ধা করি কেন?

উত্তরঃ সিধু ও কানহর মুর্মু ছিলেন সাঁওতাল বিদ্রোহের নেতা। তারা দুই ভাই। তারা অত্যাচারী জমিদার, মহাজন ও ব্রিটিশ সরকারের কর্মচারীদের বিরুদ্ধে লড়াই করেছিলেন। শেষ পর্যন্ত ব্রিটিশ সরকারের সেনাবাহিনীর কাছে তারা পরাজিত হন। ব্রিটিশ সরকার মুন্ডাদের ওপর বিভিন্ন ভাবে শোষণ ও অত্যাচার করত তাই একই ভাবে বীরসা মুন্ডাও তাদের বিরুদ্ধে বিদ্রোহ করেছিলেন। বীরসার নেতৃত্বে বিদ্রোহী মুন্ডারা সরকারি অফিস, থানা, পুলিশ ও কর্মচারীদের আক্রমণ করেন। কিন্তু শেষ পর্যন্ত সরকারের সেনাবাহিনীর কাছে বীরসা মুন্ডার বাহিনী পরাজিত হয়। বীরসাকে বন্দি করে রাঁচি জেলে রাখা হয়। ১৮৯৯ খ্রিস্টাব্দে রাঁচি জেলে বীরসা মুন্ডার মৃত্যু হয়। তাই আমরা বীরসা মুণ্ড, সিধু ও কানহর মত মানুষদের আমরা শ্রদ্ধা করি।